


গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
স্থানীয় সরকার বিভাগ
উপজেলা-১ শাখা
www.lgd.gov.bd

নং-৪৬.০৪৬.০১৮.০০.০০.১০২.২০১৬ (অংশ-১)- ১১৮

তারিখ : ১৯ বৈশাখ, ১৪২৩ বঙ্গাব্দ
০২ মে, ২০১৬ খ্রিস্টাব্দ

প্রজ্ঞাপন

সুনামগঞ্জ জেলার ছাতক উপজেলা পরিষদের সংরক্ষিত আসনের মহিলা সদস্য বেগম নুরুন নাহার স্বীয় পদ থেকে পদত্যাগ করায় উপজেলা পরিষদ আইন, ১৯৯৮ (১৯৯৮ সনের ২৪ নং আইন) এর ১২(২) ধারা মোতাবেক তাঁর পদত্যাগপত্র সরকার কর্তৃক গৃহীত হইল। উপজেলা পরিষদ আইন, ১৯৯৮ [উপজেলা পরিষদ (সংশোধন) আইন, ২০১১ দ্বারা সংশোধিত]-এর ১৪(১)(গ) ধারা অনুযায়ী সুনামগঞ্জ জেলার ছাতক উপজেলা পরিষদের সংরক্ষিত আসন-এর মহিলা সদস্য পদটি সরকার কর্তৃক শূন্য ঘোষণা করা হইল।



(দেলোয়ারা খাতুন)
সহকারী সচিব
ফোন: ৯৫৬২২৪৭

নং-৪৬.০৪৬.০১৮.০০.০০.১০২.২০১৬ (অংশ-১)- ১১৮

তারিখ : ১৯ বৈশাখ, ১৪২৩ বঙ্গাব্দ
০২ মে, ২০১৬ খ্রিস্টাব্দ

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হ'ল :

- ০১। মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ০২। সিনিয়র সচিব.....মন্ত্রণালয়/বিভাগ, ঢাকা।
- ০৩। সচিব,.....মন্ত্রণালয়/বিভাগ, ঢাকা।
- ০৪। সচিব, নির্বাচন কমিশন, সচিবালয়, ঢাকা। পদত্যাগজনিত কারণে সুনামগঞ্জ জেলার ছাতক উপজেলা পরিষদের সংরক্ষিত মহিলা আসন পদ শূন্য হওয়ায় উপজেলা পরিষদ আইন, ১৯৯৮ [উপজেলা পরিষদ (সংশোধন) আইন, ২০১১ দ্বারা সংশোধিত] অনুযায়ী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো।
- ০৫। কমিশনার, সিলেট বিভাগ, সিলেট।
- ০৬। জেলা প্রশাসক, সুনামগঞ্জ।
- ০৭। মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, ঢাকা।
- ০৮। উপপরিচালক, বাংলাদেশ ফরমস ও প্রকাশনা অফিস, তেজগাঁও, ঢাকা (প্রজ্ঞাপনটি বাংলাদেশ গেজেটের অতিরিক্ত সংখ্যায় প্রকাশ করে গেজেটের ২০(বিশ) কপি স্থানীয় সরকার বিভাগে প্রেরণের জন্য অনুরোধ করা হলো।
- ০৯। সচিবের একান্ত সচিব, স্থানীয় সরকার বিভাগ।
- ১০। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, ছাতক, সুনামগঞ্জ।
- ১১। উপজেলা নির্বাহী অফিসার, ছাতক, সুনামগঞ্জ।
- ১২। ভাইস চেয়ারম্যান/ভাইস চেয়ারম্যান (মহিলা), উপজেলা পরিষদ, ছাতক, সুনামগঞ্জ।
- ১৩। জেলা হিসাব রক্ষণ কর্মকর্তা, সুনামগঞ্জ/উপজেলা হিসাব রক্ষণ কর্মকর্তা, ছাতক, সুনামগঞ্জ।
- ১৪। কম্পিউটার প্রোগ্রামার, স্থানীয় সরকার বিভাগ (প্রজ্ঞাপনটি ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)
- ১৫। বেগম নুরুন নাহার, প্রাক্তন মহিলা সদস্য, সংরক্ষিত আসন, উপজেলা পরিষদ, ছাতক, সুনামগঞ্জ।


(দেলোয়ারা খাতুন)
সহকারী সচিব